

# জুলাই গণঅভ্যুত্থানের বর্ষপূর্তিতে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে বর্ণাঢ্য উদযাপন আগামীকাল

জবি সংবাদদাতা

প্রকাশিত: ২১:১৯, ৪ আগস্ট ২০২৫; আপডেট: ২১:২০, ৪  
আগস্ট ২০২৫



×

জুলাই গণঅভ্যুত্থান-২০২৪-এর বর্ষপূর্তিতে আগামীকাল দিনব্যাপী বর্ণাঢ্য উদযাপন করবে জগন্নাথ বিশ্ববিদ্যালয়। মঙ্গলবার সকাল সাড়ে ১০টায় বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান ভবন চত্বরে জুলাই গণঅভ্যুত্থান নিয়ে আলোচনা সভার মাধ্যমে এ আয়োজন শুরু হবে।

সোমবার (৪ জুলাই) রেজিস্ট্রার দপ্তরসূত্রে এসব তথ্য নিশ্চিত হওয়া যায়। গতকাল রোববার এই মর্মে বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার অধ্যাপক ড. মো. গিয়াস উদ্দিন স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, জুলাই গণঅভ্যুত্থানে শহীদদের আত্মার মাগফিরাত কামনায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় জামে মসজিদে বাদ যোহর দোয়া মাহফিল অনুষ্ঠিত হবে। ×

জানা যায়, জুলাই গণঅভ্যুত্থান বর্ষপূর্তি অনুষ্ঠান উদ্বোধন করবেন জুলাই গণঅভ্যুত্থানের শহীদ ইকরামুল হক সাজিদের মা। এছাড়া অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. রেজাউল করিম। বিশেষ অতিথি হিসেবে

উপস্থিত থাকবেন ট্রেজারার অধ্যাপক ড. সাবিনা শরমীন এবং শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মো. মোশাররফ হোসেন।

বিজ্ঞপ্তিতে জানানো হয়, জুলাই গণঅভ্যুত্থান-২০২৪-এর বর্ষপূর্তির অনুষ্ঠানে সভাপতির দায়িত্ব পালন করবেন কেন্দ্রীয় জুলাই বিপ্লবের প্রথম বর্ষ উদযাপন কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. মো. রইছ উদ্দীন এবং সঞ্চালনা করবেন ভারপ্রাপ্ত রেজিস্ট্রার অধ্যাপক ড. মো. শেখ গিয়াস উদ্দিন।